

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫২০

তেলিয়ামুড়া, ২২ জানুয়ারি, ২০২৫

তেলিয়ামুড়ায় ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপিত

তেলিয়ামুড়া মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস-২০২৫ গতকাল যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। মহকুমার তুইসিন্দ্রাই বাজারের বীণাপানি মুক্তমঞ্চে এ উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং তেলিয়ামুড়া ব্লকের যৌথ উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সহকারি সভাপতি সত্যেন্দ্রচন্দ্র দাস। ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা, কুইজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, তেলিয়ামুড়া পুরপরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অচিন্ত্য ভট্টাচার্য, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার, মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেন, তেলিয়ামুড়া ব্লকের বিডিও বিপ্লব আচার্য প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক মিঠন দত্ত।

\*\*\*\*\*